

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
আইন শাখা-১
পরিবহণ পুল ভবন (কক্ষ নং-৯১২)
সচিবালয় লিংক রোড, ঢাকা।

পত্র সংখ্যা-৫৭.০০.০০০০.০৪৬.০৪.১৪৮.১৯-২৯

তারিখঃ ২৪ পৌষ ১৪২৬
০৮ জানুয়ারি ২০২০

বিষয়: মহামান্য হাইকোর্ট বিভাগে দায়েরকৃত রিট পিটিশন নং-১২১/২০১৮ মামলায় ২৫.০৭.১৯ তারিখের আদেশের আলোকে কুমিল্লা জেলার চান্দিনা উপজেলাধীন বরকরই পীর মঞ্জিল মাদরাসার সুপার জনাব মো: সফিকুল ইসলাম এর অক্টোবর/১৭ হতে জুন/১৮ পর্যন্ত সময়ের বকেয়া বেতন ভাতাদি (এমপিও) প্রদানের আবেদন।

সূত্র: বরকরই পীর মঞ্জিল দাখিল মাদ্রাসা, চান্দিনা, কুমিল্লা এর স্মারক নং-২৩১/১৯

তারিখ: ১২.১১.২০১৯ খ্রি।

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার চান্দিনা উপজেলাধীন বরকরই পীর মঞ্জিল মাদরাসায় সুপার পদে জনাব মো: সফিকুল ইসলাম দীর্ঘ ২৪ বছর চাকুরি করে আসছেন মর্মে তাঁর আবেদন থেকে জানা যায়।

০২। বিগত ১৩.০৮.১৭ তারিখে সুপার (জনাব মো: সফিকুল ইসলাম) মাদ্রাসায় উপস্থিত থাকা সত্ত্বেও ম্যানেজিং কমিটি সহকারী সুপারকে অবৈধভাবে ভারপ্রাপ্ত সুপারের দায়িত্ব দেয়া হয় এবং বিগত ০১.১০.১৭ তারিখ হতে তাঁর (সুপার) বেতন বিল করা হয় নাই।

০৩। ফলে তিনি (সুপার) নিরুপায় হয়ে বেতন ভাতা দাবী করে মহামান্য হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং-১২১/২০১৮ দায়ের করা হয়। উক্ত রিট মামলায় মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক গত ২৫.০৭.১৯ তারিখে যে রায়/আদেশ প্রদান করা হয়েছে, উক্ত রায়/আদেশের শেষাংশ নিম্নরূপ:

Accordingly, respondent No. 2 is directed to dispose of petitioner's said representation dated 30.06.2019 (Annexure 'O' to the supplementary-affidavit dated 10.07.19 filed by the petitioner) within a period of 30 (thirty) days from receipt of the copy of this judgment.

০৪। উক্ত রিট মামলার রায়/আদেশের আলোকে বকেয়া বেতন ভাতাদি অক্টোবর/১৭ হতে জুন/১৮ পর্যন্ত মোট ২,৩৭,৩৩০/- টাকা প্রদানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য TMED এর সচিব মহোদয় বরাবর সূত্রমূলে আবেদন করা হয়।

০৫। যেহেতু উক্ত রিট মামলায় ২৫.০৭.১৯ তারিখের আদেশে পিটিশনারের গত ৩০.০৬.১৯ তারিখের আবেদনটি (যা মহাপরিচালক, মাউশি অধিদপ্তর বরাবর দাখিল হয়েছিল) যথাসময়ে নিষ্পত্তি না করায় রিট মামলার উদ্ভব হয়েছে সেহেতু বর্ণিত রিট মামলার নির্দেশনা মোতাবেক পিটিশনারের ৩০.০৬.১৯ তারিখের আবেদনটি মহোদয় কর্তৃক নিষ্পত্তি হওয়া আবশ্যিক।

০৬। এমতাবস্থায়, রিট পিটিশন নং-১২১/১৮ মামলায় গত ২৫.০৭.১৯ তারিখের নির্দেশনা মতে পিটিশনারের ৩০.০৬.১৯ তারিখের আবেদনটি নিষ্পত্তি করে পিটিশনারকে জানিয়ে গৃহীত পদক্ষেপের তথ্য মহামান্য আদালতকে (আইনগত সুযোগ থাকলে) অবহিতক্রমে আগামী ২৫.০১.২০২০ তারিখের মধ্যে নির্দেশক্রমে মহোদয়কে অনুরোধ করা হলো। সেসাথে কার্যক্রম গ্রহণের সুবিধার্থে রিট মামলার রায়ের কপি এসজে প্রেরণ করা হলো।

সংযুক্তি: ক. রিট পিটিশন নং-১২১/১৮ মামলার রায়ের কপি- ০৫ পাতা

(মো: আ: খালেক মিঞা)

সিনিয়র সহকারী সচিব (আইন)

ফোন: ৪১০৫০১৫৭

মহাপরিচালক

মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার,

লেভেল-৩, ৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা।

অনুলিপি: সদয় জ্ঞাতার্থে:

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ২। সিস্টেম এনালিস্ট, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা। (আদেশটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব/উপসচিব (অডিট ও আইন) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। জনাব মো: সফিকুল ইসলাম, সুপার, বরকরই পীর মঞ্জিল দাখিল মাদ্রাসা, চান্দিনা, কুমিল্লা।
- ৮। মাস্টার কপি/অফিস কপি।